# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023

মধ্যবর্তী স্তর
ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি



সেপ্টেম্বর 2024

কার্তিক ১৯৪৬

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ

৮৫.০০

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের সচিব কর্তৃক শ্রী অরবিন্দ মার্গ , নয়াদিল্লী - 110016 তে অবস্থিত প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত এবং পুষ্পক প্রেস প্রাইভেট লিমিটেড, বি -3/1, অখলা ইন্ডাসট্রিয়াল এরিয়া, ফেজ-2, নয়াদিল্লী - 110020 থেকে মুদ্রিত।

# মুখবন্ধ

সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য প্রকল্প অধিকর্তা মহাশয়ের 15/05/25 তারিখের 374/Pedagogy/PBSSM/2024-25 নং পত্র অনুসারে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিদ্যালয়ের মধ্যবর্তী, মাধ্যমিক (প্রথম ও দ্বিতীয় পর্যায়) স্তরে ব্যবহারের জন্য ভারতীয় ন্যায় সংহিতা (BNS) 2023, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) 2023, ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) 2023 এই তিনটি নতুন আইন সংক্রান্ত শিক্ষা বিষয়ক নয়টি মডিউল বাংলায় অনুবাদ করার দায়িত্ব পায়। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ এর মাননীয়া অধিকর্তা মহাশয়ার তত্ত্বাবধানে ও সম্পাদনায় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের গবেষক শ্রী সুব্রত কুমার বিশ্বাস ও শ্রীমতী পারমিতা বালা বিশ্বাসের সঞ্চালনায় সম্পন্ন ব্যক্তিদের দ্বারা সংক্ষিপ্ত সময়ের মধ্যে স্পষ্ট ও সহজ বাংলায় মডিউলগুলির অনুবাদ কার্য সুসম্পন্ন হয়েছে। এই কাজে যুক্ত সকল ব্যক্তির আন্তরিকতা, অধ্যাবসায় ও পেশাদারিত্ব কাজটি যথাসময়ে শেষ করতে সাহায্য করেছে। অনুবাদ কার্যের জন্য যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ এর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। এই সম্মিলিত প্রচেষ্টার ফলস্বরূপ শিক্ষার্থীদের কাছে নতুন আইনগুলির জ্ঞান সরল ও বোধগম্য রূপে উপস্থাপন করা সম্ভব হবে।

**ড: ছন্দা রায়**
অধিকর্তা
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প. ব.)

# বাংলা তর্জমার বিশেষজ্ঞ মণ্ডলী

1. শ্রী গৌতম ভট্টাচার্য, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক

2. শ্রীমতী অনসূয়া রায়চৌধুরী, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক

3. শ্রীমতী উমাবতী হেমব্রম, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - সহ সহকারী সঞ্চালক

4. শ্রী সৌরভ মণ্ডল, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, উত্তর ২৪ পরগণা

5. শ্রী তমাল কৃষ্ণ ভোঁড়, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, মুর্শিদাবাদ

6. ডঃ প্রদীপ কুমার বসু, প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), হিন্দু স্কুল, কলকাতা

7. শ্রী সুমন শুর, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বর্ধমান

8. এস কে আস্রফ আলী, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, ঝাড়গ্রাম

9. শ্রীমতী নন্দিতা দত্ত, বরিষ্ঠ অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বাঁকুড়া

10. ডঃ চন্দন মিশ্র, প্রধান শিক্ষক, রঘুনাথপুর নফর একাডেমি (উঃ মাঃ), অভয়নগর, হাওড়া

11. ডঃ কৌস্তভ ভট্টাচার্য, সহযোগী অধ্যাপক, বাবা সাহেব আম্বেদকর শিক্ষা বিশ্ববিদ্যালয়

12. ডঃ সোমনাথ চ্যাটার্জী, প্রধান শিক্ষক, চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির (ফরাসি বিভাগ)

13. শ্রী সন্দীপন ঘোষ, অধ্যাপক, ধর্মদা সরকারী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, নদীয়া

14. শ্রী অভিজিৎ দাসগুপ্ত, ভারপ্রাপ্ত শিক্ষক, নারায়ণপুর উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), উত্তর ২৪ পরগণা

# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, 2023


भारत का राजपत्र
The Gazette of India

PUBLISHED BY AUTHORITY

MINISTRY OF LAW AND JUSTICE
(Legislative Department)

THE BHARATIYA NAGARIK SURAKSHA SANHITA, 2023

An Act to consolidate and amend the law relating to Criminal Procedure


মধ্যবর্তী স্তর

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्

NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

# ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS)- 2023



## শিখন ফলাফল :

এই মডিউল টি পড়ার পর শিক্ষার্থী সক্ষম হবে :

- ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) সম্পর্কে বুঝতে
- কিভাবে এটি দেশের নাগরিকদের ক্ষমতায়ন করে তা অন্বেষণ করতে
- সকল নাগরিকের নিরাপত্তা ও সুরক্ষা  নিশ্চিতকরণের কার্যপ্রণালীগুলো বিশ্লেষণ করতে
- BNSS  সংক্রান্ত আরও তথ্য সংগ্রহ ও ব্যবহার করতে
- নতুন ফৌজদারি আইনের  উপর সৃজনশীল উপস্হাপনার উপায় উদ্ভাবন করতে
- এটি কি করে ভুক্তভোগী কেন্দ্রিক তা তোমার বন্ধুদের সঙ্গে আলোচনা করতে

## ভূমিকা

শিক্ষার্থী আগের কোনও শ্রেণিতে নিশ্চয়ই গণতন্ত্র সম্পর্কে পড়েছ। এর অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হলো মৌলিক অধিকার ও মৌলিক কর্তব্য। মৌলিক অধিকারগুলি আইনি বিচার যোগ্য। মৌলিক কর্তব্যগুলি আইনি বিচার যোগ্য নয়। মৌলিক কর্তব্যগুলি নাগরিকদের সংবিধান মেনে চলতে এবং এর আদর্শ ও প্রতিষ্ঠানগুলিকে সম্মান করতে প্রতিশ্রুতিবদ্ধ করে। আইন হল সরকার  কর্তৃক প্রণীত ও প্রয়োগকৃত নিয়মাবলী, যা ব্যক্তিগত আচরণ ও সামাজিক আচরণ নিয়ন্ত্রণ করে।
এটি হল সমাজের রীতিনীতি, প্রথা ও নিয়ম যা সমাজের সকলের মেনে চলা বাধ্যতামূলক। আইন অপরাধের শিকার হওয়া মানুষকে সুরক্ষা দেয় এবং অপরাধীদের তাদের কৃতকর্মের জন্য শাস্তির বিধান  করে। আইন মানবাধিকার ন্যায় বিচার ও স্বচ্ছতা নিশ্চিত করে। আইন সংবিধানের প্রস্তাবনার সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায় বিচারের লক্ষ্য পূরণে সহায়তা করে। তোমরা নিশ্চয় সংবিধানের প্রস্তাবনা পড়েছো। এসো, এটি মনে করি।





আইন আমাদের সকল প্রকার বৈষম্য, অবিচার, অসমতা, হিংস্রতা থেকে রক্ষা করে এবং দেশের সকল নাগরিকের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) -2023- এই নতুন ফৌজদারি আইন অপরাধের তদন্ত, অভিযুক্তের গ্রেপ্তার, আদালতের বিচার এবং অপরাধীর শাস্তি দেওয়ার নতুন ও কার্যকর পদ্ধতি নির্ধারণ করেছে। এটি বাড়ি, পাড়া, বিদ্যালয়, গণপরিবহন, বিভিন্ন বিনোদনের স্থান এবং সাইবারদুনিয়া সহ বিভিন্ন জায়গায় ঘটা অপরাধ প্রতিরোধে সহায়ক। তুমি নিশ্চয়ই সোশ্যাল মিডিয়াতে এসব বিষয়ে পড়েছো ও পরিবারের অন্যান্যদের সাথে আলোচনা করেছো। একজন শিক্ষার্থী হিসেবে তুমি হয়তো কিছু অপরাধের শিকার হয়েছো অথবা অন্যকে শিকার হতে দেখেছো যেমন :


THE CONSTITUTION OF INDIA

PREAMBLE

**WE, THE PEOPLE OF INDIA,** having solemnly resolved to constitute India into a [1]**[SOVEREIGN SOCIALIST SECULAR DEMOCRATIC REPUBLIC]** and to secure to all its citizens:

**JUSTICE,** social, economic and political;

**LIBERTY** of thought, expression, belief, faith and worship;

**EQUALITY** of status and of opportunity; and to promote among them all

**FRATERNITY** assuring the dignity of the individual and the [2][unity and integrity of the Nation];

**IN OUR CONSTITUENT ASSEMBLY** this twenty-sixth day of November, 1949 do **HEREBY ADOPT, ENACT AND GIVE TO OURSELVES THIS CONSTITUTION.**

- বুলিং ( জোর করে অপমান / হয়রানি করা )
- মূল্যবান জিনিস ছিনিয়ে নেওয়া
- নানা কারণে ঝগড়া যা মারামারিতে পরিণত হয়
- এছাড়াও ধাক্কাধাক্কি, চুরি, খারাপ ভাষা ব্যবহার ইত্যাদি।

মনে করার চেষ্টা করো এসব ঘটনা তোমার বিদ্যালয়ে বা আশেপাশে কীভাবে সামলানো হয়। উদাহরণ হিসেবে এখানে কিছু ঘটনা উল্লেখ করা হল যা তোমাদের মনে পড়বে। এর সঙ্গে তুমি আরও ঘটনা যুক্ত করতে পারো। উদাহরণ স্বরূপ:-

- বিদ্যালয়ের প্রধান শিক্ষক /শিক্ষিকা বিষয়টি অন্যান্য শিক্ষক / শিক্ষিকা ও অভিভাবক/ অভিভাবিকাদের সঙ্গে আলোচনা করেন।
- ক্লাস মনিটরের সাহায্যে শিক্ষক / শিক্ষিকারা শ্রেণিতে খারাপ আচরণ ও হিংস্রতা নিয়ন্ত্রণ করে রাখেন।
- বিশৃঙ্খলা সৃষ্টির বিষয়গুলি অভিভাবক- শিক্ষক সভা এবং এই জাতীয় অন্য সভাতে আলোচনা করা হয়।
- হিংস্রতার প্রকৃতি অনুযায়ী প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে শাস্তি দেওয়া হয়।
- বিদ্যালয় শুরুর সময় প্রার্থনা সভাতে ভালো চিন্তা ও বিখ্যাত ব্যক্তিদের বানী আলোচনা করা হয়।
- শিশুদের দলবদ্ধ ভাবে কাজ করানো হয় যাতে তারা একে অপরকে চিনতে ও পরস্পরের কাজের মূল্যায় ন করতে শেখে।

এই নতুন ফৌজদারি আইন একটি গুরুত্বপূর্ণ পদক্ষে প। তুমি নিশ্চয়ই সংবাদপত্র ও সোশ্যা ল মিডিয়াতে পড়েছো এই আইন দেশের সকল নাগরিকের কল্যাণ ও নিরাপত্তা নিশ্চিত করতে সহায়ক। এটি ভারতের ফৌজদারি বিচারব্যবস্থাকে আরও ন্যায্য, স্বচ্ছ ও দ্রুততর করতে চায়। BNSS আইনটি ন্যায়বিচার, পুনর্বাসন/ সংশোধন কে গুরুত্ব দেয় যা আগের ঔপনিবেশিক আইনের চেয়ে আলাদা ,কারণ আগের আইনে মূলত শাস্তির ওপর জোর দেওয়া হত। আজকের যুগে সংঘটিত নানা অপরাধ যেমন সাইবার অপরাধ, সন্ত্রাসবাদ, গণপিটুনি ও সংগঠিত অপরাধগুলির মতো বিষয়গুলি প্রতিকারেও BNSS কার্যকর ভূমিকা রাখতে পারে।

আমরা আমাদের পরিবার ও প্রতিবেশীদের সঙ্গে এই আইন সম্পর্কে আলোচনা করতে পারি, যাতে সবাই সচেতন, আত্মবিশ্বাসী, নিরাপদ ও সুরক্ষিত থাকে। BNSS নাগরিকদের মৌলিক অধিকার ও মর্যাদা রক্ষায় সাহায্য করে।




তোমরা কি জানো BNSS এরও ইতিহাস আছে? যদি তোমরা সমাজ বিজ্ঞানের শিক্ষার্থী হও তাহলে এই বিষয়ে তোমরা আগ্রহী হবে। এই সম্পর্কে আমরা জেনে নিতে পারি।

ফৌজদারি কার্যবিধি (The code of criminal procedure (CrPc)) প্রথম তৈরি হয় 1861 সালে যেখানে ভারতের বিভিন্ন ধরনের আইনি ব্যবস্থার সমস্যা সমাধানের কথা বলা হয়েছে। এই CrPc আইন পরিবর্তন করে নতুন CrPc আইন আনা হয় 1973 সালে যেখানে অগ্রিম জামিনের মতো নতুন ব্যবস্থা আনা হয়। 2005 সালে সংশোধনীর মাধ্যমে দোষীর স্বীকারোক্তির ভিত্তিতে বিচার ও গ্রেপ্তারকৃত ব্যক্তির অধিকারের স্বীকৃতি এই বিষয়গুলি যুক্ত করা হয়। 2013 সালে নির্ভয়া কাণ্ডের পরে যৌন হিংস্রতার বিরুদ্ধে কঠোর আইন দ্রুত বিচার ও ভুক্তভোগীর সুরক্ষার ব্যবস্থা করা হয়। 2018 সালের সংশোধনীতে যৌন অপরাধের শাস্তি আরও বাড়ানো হয় এবং শিশুদের সুরক্ষায় দ্রুত আদালত (Fast-track courts ) চালুর ব্যবস্থা করা হয়।





## তোমরা কি জানো কেন এই সংহিতা প্রণীত

এই সংহিতা ন্যায়বিচার অর্জনের জন্য প্রক্রিয়াগুলিকে সহজ ও কার্যকারী করতে চালু হয়েছে। এটি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পুলিশি তদন্ত ও বিচার প্রক্রিয়ায় স্বচ্ছতা ও দক্ষতা আনার বিষয়ে নজর রাখে। এটি সাইবার অপরাধ সন্ত্রাসবাদ , সংগঠিত অপরাধ ইত্যাদি যেগুলি সম্পর্কে তোমরা আগে জেনেছো এটি সেই সব অপরাধ মোকাবিলার জন্য তৈরি । BNSS সময়মত ন্যায়বিচার পাওয়ার বিষয়টি নিশ্চিত করে।

1973 সালের ফৌজদারি কার্যবিধি (CrPC) এর উত্তরসূরি BNSS 2023 দ্রুত ন্যায়বিচার প্রদানের লক্ষ্যে আদালতে পড়ে থাকা মামলা, আইন ব্যাবস্থায় প্রযুক্তির সীমিত ব্যবহার, তদন্তে বিলম্ব হওয়া এই ধরনের সমস্যাগুলিকে কার্যকরী ভাবে মোকাবিলা করে । BNSS সম্বন্ধে আরো পড়লে জানতে পারবে যে এটি নারী ও শিশুর বিরুদ্ধে সংঘটিত অপরাধের শাস্তি কঠোরতর করেছে। অপরাধ সংক্রান্ত পরিবর্তন আনার জন্য প্রথমবারের মত এটি অগ্রণী পদ্ধতি চালু করা হয়েছে। কিছু ক্ষেত্রে অপরাধের জন্য শাস্তি না দিয়ে “কমিউনিটি সার্ভিস” বা “ জনসেবা” এর উপর গুরুত্ব দেওয়া হয়েছে যাতে সংশোধনমূলক প্রক্রিয়া জোরদার হয় এবং ব্যক্তির মনোভাব পরিবর্তন হয়।



## সঠিক সময়ে ন্যায়বিচার প্রদানঃ

নতুন আইনে মানহানির মিথ্যা অভিযোগ, আত্মহত্যা চেষ্টার ঘটনা, আদালতের সামনে হাজির না হওয়া, সরকারি কর্মচারীর বেআইনি ব্যবসার মতো অপরাধের ক্ষেত্রে বিকল্প শাস্তি হিসাবে “কমিউনিটি সার্ভিস” চালু করা হয়েছে।





একটি অপরাধের তথ্য ই -মেল ( email) এর মাধ্যমে বৈদ্যুতিন মাধ্যমে পাঠানো যেতে পারে।

তদন্তকারী অফিসারকে 90 দিনের মধ্যে ভুক্তভোগীকে অগ্রগতির রিপোর্ট দিতে হবে।

জিরো (Zero) FIR - এর মাধ্যমে ভুক্তভোগী যেকোনো স্থান থেকে বৈদ্যুতিন মাধ্যমের সাহায্যে অভিযোগ জানাতে পারেন। তিন দিনের মধ্যে স্বাক্ষর করে এটিকে সম্পূর্ণ FIR- এ পরিণত করতে হবে (ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ( BNSS ) ধারা 173

তল্লাশি ও বাজেয়াপ্ত করার সময় পুলিশ অফিসারদের ফোন বা ক্যামেরায় ছবি ও ভিডিও তুলে প্রমাণ রেকর্ড করতে হবে। সবকিছু আইন মোতাবেক হয়েছে কিনা নিশ্চিত করার জন্য ছবিগুলি পরে স্থানীয় ম্যাজিস্ট্রেটের কাছে পাঠাতে হবে ।

**গ্রেপ্তার হওয়া ব্যক্তির অধিকারঃ**

- কাউকে গ্রেপ্তার করতে হলে পুলিশ অফিসারকে তাঁর নাম ও পদমর্যাদা সম্বলিত পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।
- গ্রেপ্তার হওয়া ব্যক্তির আইনজীবী চাওয়ার অধিকার আছে।
- বিশেষ পরিস্থিতি না হলে একজন মহিলাকে একজন মহিলা পুলিশ অফিসার গ্রেপ্তার করতে পারবেন।
- গুরুতর অপরাধ বা দাগী অপরাধীদের ক্ষেত্রে গ্রেপ্তারের সময় হাতকড়া ব্যবহার করা যেতে পারে।
- গ্রেপ্তার হওয়া ব্যক্তিকে জানাতে হবে কেন তাকে গ্রেপ্তার করা হয়েছে এবং অপরাধ জামিনযোগ্য হলে তার জামিনের অধিকার আছে।
- পুলিশকে গ্রেপ্তারের বিষয় এবং তাকে কোথায় রাখা হয়েছে এই বিষয়ে গ্রেপ্তার হওয়া ব্যক্তির আত্মীয় বা নির্ধারিত ব্যক্তিকে জানাতে হবে।
- গ্রেপ্তার হওয়া ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে।
- গ্রেপ্তার হওয়া ব্যক্তি মহিলা হলে মহিলা ডাক্তার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে।
- পরোয়ানা (Warrant) ছাড়া গ্রেপ্তার হলে গ্রেপ্তারের 24 ঘণ্টার মধ্যে ম্যাজিস্ট্রেটের সামনে হাজির

**তদন্ত শেষ হলে পুলিশ অফিসারের রিপোর্ট :**

তদন্তকারী অফিসারকে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত রিপোর্ট (চার্জশিট) জমা দিতে হবে যাতে অপ্রয়োজনীয় বিলম্ব না হয়। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023 বা শিশুদের যৌন নির্যাতন সুরক্ষা আইন ( The Protection of Children from Sexual Offences Act 2012) -এর অধীনে নারী ও শিশুদের উপর সংঘটিত অপরাধের ক্ষেত্রে তথ্য নথিভুক্ত করার তারিখ থেকে 60 দিনের মধ্যে তদন্ত শেষ করতে হবে। তদন্তরিপোর্টে তদন্তের বিবরণ এবং সংগৃহীত প্রমাণ থাকবে যা থানার দায়িত্বপ্রাপ্ত অফিসারের কাছে পাঠানো হবে। এছাড়াও অভিযুক্ত ব্যক্তিকেও রিপোর্টের একটি কপি দেওয়া হবে, যা তার অধিকার।

সঠিক সময়ে ন্যায়বিচার নিশ্চিত করার পক্রিয়া





এই প্রক্রিয়াটি আমরা একটা কেস স্টাডির (Case Study) মাধ্যমে বুঝে নিই। ধরা যাক 'ক' বাবুর গাড়ী চুরি হয়েছে। এখন তিনি ভুক্তভোগী হিসেবে এই ঘটনাটির বিষয়ে অভিযোগ জানাবেন। এসো আমরা বৈদ্যুতিন পদ্ধতির মাধ্যমে অভিযোগ দায়ের করার বিষয়ে পদ্ধতিগুলি দেখে নিই।

- 'ক' বাবু তাঁর গাড়ী চুরির ঘটনা বৈদ্যুতিন মাধ্যমের সাহায্যে অভিযোগ দায়ের করবেন। এজন্য তিনি মোবাইল বা কম্পিউটার ব্যবহার করবেন।
- তাঁকে নিশ্চিত করতে হবে যে তথ্যটি বৈদ্যুতিন মাধ্যমে পাঠানো হয়েছে। তিনি ভুলবেন না যে তাঁর স্বাক্ষর গুরুত্বপূর্ণ এবং তিন দিনের মধ্যে এই স্বাক্ষর করতে হবে।
- চুরি সংক্রান্ত অভিযোগ নথিভুক্ত করার পর পুলিশ অফিসার 'ক' বাবুকে বিনামুল্যে FIR-এর একটি কপি দেবেন।
- পুলিশ গাড়ী চুরির FIR নিতে অস্বীকার করলে সেক্ষেত্রে পুলিশ সুপার বা ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করা যাবে।

<u>কার্যকলাপ (ACTIVITY)</u>
তুমি সচেতন নাগরিক হিসেবে তোমার আশেপাশে সংঘটিত অপরাধ সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারো।

ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা,2023 ( BNSS) বোঝার পথে এগিয়ে চলতে আমরা এবার BNSS এর মূল বৈশিষ্ট্যগুলি জানবো।

| মূল বৈশিষ্ট্য | ব্যাখ্যা |
|---|---|
| বিচারাধীনদের আটক<br> | ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা,2023 (BNSS) অনুযায়ী নিম্নলিখিত ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য নয়।<br>(ক) আজীবন কারাদণ্ডযোগ্য অপরাধ।<br>(খ) একাধিক অপরাধে যাদের বিরুদ্ধে মামলা চলছে। |
| স্বাস্থ্য পরীক্ষা<br> | BNSS অনুযায়ী যে কোন পুলিশ অফিসার এই পরীক্ষা চাইতে পারেন। |
| ফরেনসিক তদন্ত<br> | BNSS অনুযায়ী 7 বছরের বেশি কারাবাসের সাজাযোগ্য অপরাধের ফরেনসিক তদন্ত বাধ্যতামূলক। ফরেনসিক বিশেষজ্ঞেরা ঘটনা স্থলে গিয়ে প্রমাণ সংগ্রহ করবেন এবং মোবাইল বা অন্য কোন বৈদ্যুতিন যন্ত্রে রেকর্ড করবেন। রাজ্যে ফরেনসিক ব্যবস্থা না থাকলে অন্য রাজ্যের সুবিধা ব্যবহার করা যাবে। |

| মূল বৈশিষ্ট্য | ব্যাখ্যা |
|---|---|
| স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ  | BNSS-এ শুধুমাত্র স্বাক্ষর নয় আঙ্গুলের ছাপ ও কণ্ঠস্বরের নমুনা নেওয়া যাবে এমনকি যদি কেউ গ্রেপ্তার না হয় তার ক্ষেত্রেও এই নমুনা সংগ্রহ করা যেতে পারে। |
| সাক্ষীর সুরক্ষা  | আদালতে মুল্যবান তথ্য দেওয়ার কারণে সাক্ষীরা ন্যায় বিচারের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। তাদের নিরাপত্তা বা সম্ভাব্য ক্ষতি বা ভীতিপ্রদর্শনের হাত থেকে রক্ষা করতে BNSS " সাক্ষী সুরক্ষা প্রকল্প" চালু করেছে। রাজ্য সরকারকে এই প্রকল্প প্রস্তুত করা ও বিজ্ঞপ্তি দেওয়ার দায়িত দেওয়া হয়েছে। |
| দায়িত্বপ্রাপ্ত পুলিস অফিসার  | প্রতিটি জেলা ও থানায় সহকারী সাব-ইন্সপেক্টর (ASI) বা তার বেশি পদমর্যাদার একজন অফিসার দায়িত্বে থাকবেন। তাঁর দায়িত্ব হবে গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের নাম, ঠিকানা ও তাদের বিরুদ্ধে অভিযোগের তথ্য রাখা। এই তথ্য প্রতিটি থানায় ও জেলা সদর দপ্তরে স্পষ্টভাবে প্রদর্শিত হবে, সম্ভব হলে ডিজিটাল মাধ্যমে। |
| অডিও ভিডিও বৈদ্যুতিন মাধ্যম ও বৈদ্যুতিন যোগাযোগের সংজ্ঞা  | BNSS 2023 -এ কিছু শব্দকে স্পষ্টীকরণ করতে নতুন ভাবে সংজ্ঞায়িত করা হয়েছে। অডিও ভিডিও বৈদ্যুতিন মাধ্যম বলতে বোঝায় যেকোনো যোগাযোগ স্থাপনের যন্ত্র ব্যবহার করে ভিডিও কনফারেন্স, শনাক্তকরণ, তল্লাশি ও বাজেয়াপ্ত, প্রমাণ রেকর্ডিং , বৈদ্যুতিন মাধ্যমে প্রেরণ এবং অন্যান্য উদ্দেশ্য যা রাজ্য সরকারের অধীনে লিপিবদ্ধ থাকবে। বৈদ্যুতিন যোগাযোগ বলতে বোঝায় টেলিফোন, মোবাইল, কম্পিউটার, অডিও ভিত্তিক প্লেয়ার, ক্যামেরা ইত্যাদি বৈদ্যুতিন যন্ত্রের মাধ্যমে লিখিত, মৌখিক, চিত্র বা ভিডিও তথ্য আদান প্রদান। |





| মূল বৈশিষ্ট্য | ব্যাখ্যা |
|---|---|
| বৈদ্যুতিন মাধ্যমে বিচার প্রক্রিয়া পরিচালনা  | BNSS - সব আইনি কার্যক্রম বৈদ্যুতিন মাধ্যমে পরিচালনার সুযোগ দেওয়া, এতে সমন ও গ্রেপ্তারির পরোয়ানা তৈরি , প্রদান ও কার্যকর করা, অভিযোগকারী ও সাক্ষীর জিজ্ঞাসাবাদ, তদন্ত ও বিচারের প্রমাণ রেকর্ড , আপিল বা অন্যান্য কার্যক্রম বৈদ্যুতিন যোগাযোগ ব্যবস্থা দ্বারা বা অডিও ভিডিও সম্বলিত বৈদ্যুতিন মাধ্যমে করানো যাবে। |
| বৈদ্যুতিক মাধ্যমের সাহায্যে সমন প্রেরণ  | BNSS 2023 অনুসারে, বৈদ্যুতিন মাধ্যমের সাহায্যে সাংকেতিক উপায়ে বা যে কোন বৈদ্যুতিন যোগাযোগ প্রযুক্তি ব্যাখ্যাকে কাজে লাগিয়ে সমন প্রেরণ করা যেতে পারে। বৈদ্যুতিন সমনের মধ্যে অবশ্যই আদালতের সিলের ছবি আথবা একটি ডিজিটাল স্বাক্ষর থাকবে যার সাহায্যে সেটির সত্যতা এবং আইনি বৈধতা নিশ্চিত করা যেতে পারে। |
|  | নতুন আইনসমূহ ভুক্তভোগী কেন্দ্রিক পন্থা অবলম্বনের মাধ্যমে বিচারব্যবস্থার কার্যকারিতা, যথার্থতা ও দায়বদ্ধতার উপর বিশেষ গুরুত্ব প্রদান করে। এটি কোন অপরাধের বিচার প্রক্রিয়ায় ভুক্তভোগী অপরিহার্য অংশ হিসেবে স্বীকৃতি প্রদানের মাধ্যমে তাদের অংশগ্রহণের অধিকার এবং সম্প্রসারিত তথ্য প্রদানের অধিকার প্রদান করে। এই সমস্ত সংস্কারগুলি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের চাহিদা এবং অধিকারকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে ফৌজদারি বিচার ব্যবস্থায় তাদের কেন্দ্রীয় ভূমিকাকে স্বীকৃতি দেয় এবং অভূতপূ র্ব অধিকার ও সুযোগ প্রদান করে। |





কার্যকলাপ : এখন কিছু আইনি শব্দের অর্থ আলোচনা করা যাক :

| ক্রম সংখ্যা | শব্দ | ব্যাখ্যা |
|---|---|---|
| 1 | অপরাধ (offences) | |
| 2 | আমলযোগ্য / বিবেচনাযোগ্য(cognisable) | |
| 3 | আমল-অযোগ্য / বিবেচনা -অযোগ্য(non-cognisable) | |
| 4 | পরোয়ানা (warrant) | |
| 5 | জামিনযোগ্য (Bailable) | |
| 6 | জামিন-অযোগ্য (Non-bailable) | |
| 7 | এফ আই আর (FIR) | |
| 8 | জিরো এফ আই আর (Zero FIR) | |

এই টেবিলে তোমরা আরও শব্দ যোগ করতে পারো।




ফৌজদারি মামলার ক্ষেত্রে আদালতের সোপানসমূহ





কার্যকলাপ

1. আগের পৃষ্ঠার চার্টটি দেখে এবং তোমার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ভারতবর্ষে নিম্ন থেকে উচ্চ স্তরের আদালতের কাঠামো সম্পর্কে লেখো।
2. নিম্নলিখিত হাইকোর্টগুলির প্রতিষ্ঠার সাল এবং প্রধান বিচারপতির নাম লেখো।

| ক্রম সংখ্যা | হাইকোর্ট | প্রতিষ্ঠার সাল | প্রধান বিচারপতির নাম |
|---|---|---|---|
| 1 | জম্মু ও কাশ্মীর হাইকোর্ট | | |
| 2 | কলকাতা হাইকোর্ট | | |
| 3 | দিল্লী হাইকোর্ট | | |
| 4 | বম্বে হাইকোর্ট | | |
| 5 | এলাহাবাদ হাইকোর্ট | | |

কার্যকলাপ : ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা বিষয়ে চার্ট, পোস্টার ও কোলাজ বানাও

# ক্যুইজ

1. ভারতবর্ষে কবে থেকে 'ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা' চালু হয় ?

    (a) 11 আগস্ট 2023

    (b) 13 সেপ্টেম্বর 2023

    (c) 20 ডিসেম্বর 2023

    (d) 1 আগস্ট 2023

(উত্তর - c)

2. FIR এর সম্পূর্ণ কথাটি কী ?

    (a) Final Investigation Report

    (b) First Information Report

    (c) Forensic Investigation Report

    (d) First Investigation Report

(উত্তর - b)

3. নতুন ফৌজদারি আইনের উদ্দেশ্য কী ?

    (a) আরও ভালো শিক্ষা প্রদান করা

    (b) জনগণকে নিরাপত্তা প্রদান করা ও ন্যায়বিচার সুনিশ্চিত করা

    (c) পরিকাঠামোর উন্নতি করা

    (d) অর্থনৈতিক সমৃদ্ধিকে তুলে ধরা

(উত্তর - b)

4. E - FIR এর সম্পূর্ণ কথাটি হল

    (a) Electronic First Information Report

    (b) Electronic Forensic Investigation Report

    (c) Enhanced First Information Report

    (d) Electronic Final Investigation Report

(উত্তর - a)





**5. Zero FIR বলতে কী বঝায় ?**

(a) কোন অভিযোগ ছাড়া FIR

(b) কোন অপরাধ ছাড়া FIR

(c) কোন তথ্যপ্রমান ছাড়া FIR

(d) যে কোন থানায় করা যায়, এমন FIR (উত্তর - d)

**6. ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা অনুযায়ী বিবেচনাযোগ্য অপরাধ কোনটি ?**

(a) কোনও পরোয়ানা ছাড়াই পুলিশ গ্রেফতার করতে পারে, এ ধরনের অপরাধ

(b) কোনও পরোয়ানা ছাড়া পুলিশ গ্রেফতার করতে পারেনা, এমন অপরাধ

(c) ভীতি প্রদর্শনমূলক অপরাধ

(d) হিংসাত্মক অপরাধ

(উত্তর - a)

**7. ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা অনুযায়ী বিবেচনা অযোগ্য বা আমল-অযোগ্য অপরাধ কোনটি ?**

(a) পুলিশের পরোয়ানার প্রয়োজন হয়, এমন অপরাধ

(b) পুলিশের পরোয়ানার প্রয়োজন হয়না, এমন অপরাধ

(c) চুরি সংক্রান্ত অপরাধ

(d) শারীরিক আক্রমণ সংক্রান্ত অপরাধ

(উত্তর - a)

**8. পরোয়ানা কী ?**

(a) একজন সরকারি আধিকারিক

(b) একটি সরকারি শংসাপত্র

(c) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা জারি করা একটি লেখ বা আদেশনামা

(d) উকিলের আবেদন

(উত্তর - c)

**9. CrPc, 1973 কে কোন নতুন আইনটি প্রতিস্থাপিত করে ?**

(a) ভারতীয় ন্যায় সংহিতা

(b) ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা

(c) ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম

(d) ভারতীয় নাগরিক সংহিতা

(উত্তর - b)





**10. একটি পরোয়ানাকে কে কার্যকর করতে পারে ?**

(a) আইনজীবী

(b) সাংবাদিক

(c) পুলিশ আধিকারিক

(d) যে কোনও নাগরিক

(উত্তর - c)

## অভিভাবকদের প্রতি বার্তা

একজন সচেতন অভিভাবক হিসেবে নতুন ফৌজদারি আইন বিষয়ে আমাদের নিজেদের আপডেট করা প্রয়োজন। এই আইনগুলি আমাদের আরও ভাল সুরক্ষা ও নিরাপত্তা প্রদানের উদ্দেশ্যে প্রণীত হয়েছে। আপনাদের সন্তানদের ও প্রতিবেশীদের কাছে আইনগুলি সহজ ভাষায় ব্যাখ্যা করুন, যাতে এর মূল বিধানগুলি সম্পর্কে আরও সচেতনতা গড়ে ওঠে। অভিভাবক হিসেবে আমাদের প্রতিরোধমূলক উপায়গুলি নিয়ে ভাবতে হবে যাতে আমাদের সন্তানরা একটি শান্তিপূর্ণ ও বৈরিতাহীন পরিবেশে বড় হতে পারে। আপনাদের সন্তানের আচরণের ধরন ও মনোভাবের উপর সতর্ক দৃষ্টি রাখুন।



## তথ্যসূত্র

গেজেট অফ ইন্ডিয়া, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা 2023, নং 46, 2023, নয়াদিল্লী, ডিসেম্বর



राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING